# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৮০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মাগরিবের আগে দুই রাকাত সালাত আদায় করা বৈধ

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُصَلِّيَ رَكْعَتَيْنِ قَبْلَ صَلَاةِ الْمَغْرِبِ

আরবী

2480 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ قَالَ: سَمِعْتُ عَمْرَو بْنَ عَامِرٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: كَانَ الْمُؤَذِّنُ إِذَا أَذَّنَ قَامَ نَاسٌ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَبْتَدِرُونَ السَّوَارِيَ يُصَلُّونَ حَتَّى يَخْرُجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِمْ وَهُمْ كَذَلِكَ يُصَلُّونَ الرَّكْعَتَيْنِ قَبْلَ الْمَغْرِبِ وَلَمْ يَكُنْ بَيْنَ الْأَذَانِ والإقامة شيء.

الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2480 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1162).

বাংলা

২৪৮০. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “যখন মুয়াযযিন আযান দিতো, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীদের মাঝে কিছু সাহাবী সালাত আদায় করার জন্য খুঁটির কাছে যাওয়ার জন্য প্রতিযোগিতা করতেন, যতক্ষন না রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হুজরা থেকে বের হতেন, তারা এভাবে সালাত আদায় করতেন। তারা মাগরিবের আগে দুই রাকা‘আত সালাত আদায় করতেন। এছাড়া আযান ও ইকামতের মাঝে কোন আর কোন সময় থাকতো না।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১২৮৮; সহীহ আল বুখারী: ৬২৫; মুসনাদ আহমাদ: ৩/২৮০; দারেমী: ১/৩৩৬; নাসাঈ: ২/২৮-২৯; সহীহ মুসলিম: ৮৩৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91806

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন